

যোহনের দ্বিতীয় পত্র

১ প্রবীণ এই আমি, যাদের সত্যিই ভালবাসি—আর শুধু আমি নয়, যারা সত্য জেনেছে, তারা সকলেও—২ সেই সত্যের কারণে যা আমাদের অন্তরে বসবাস করছে এবং আমাদের সঙ্গে অনন্তকাল থাকবে, সেই মনোনীতা ভদ্রজনা ও তার সন্তানদের সমীপে : ৩ পিতা ঈশ্বর ও পিতার পুত্র সেই যীশুখ্রীষ্ট থেকে অনুগ্রহ, দয়া ও শান্তি আমাদের সঙ্গে থাকুক—সত্যে ও ভালবাসায়।

৪ আমি খুবই আনন্দিত হয়েছি, কেননা দেখতে পেয়েছি, আমরা পিতা থেকে যেভাবে আঞ্জা পেয়েছি, তোমার কয়েকজন সন্তান সেইভাবে সত্যে চলছে। ৫ আর এখন, ভদ্রে, তোমার কাছে অনুরোধ রাখি : নতুন আঞ্জা নয়, আদি থেকে যা পেয়েছি, সেই আঞ্জার কথাই লিখছি—আমরা যেন পরস্পরকে ভালবাসি।

৬ আর ভালবাসা এ : আমরা যেন তাঁর আঞ্জাগুলি অনুসারে চলি ; তোমরা আদি থেকে যেভাবে শুনে আসছ, আঞ্জাটি এ : ভালবাসায় চল। ৭ কেননা অনেক প্রতারক জগতে বেরিয়েছে ; তারা যীশুখ্রীষ্টকে মাংসে আগত বলে স্বীকার করে না—এ-ই তো প্রতারক ও খ্রীষ্টবৈরী ! ৮ সতর্ক হও, তোমরা যা সাধন করেছ, তার ফল না হারিয়ে বরং যেন পূর্ণ পুরস্কার পাও। ৯ যে কেউ মাত্রা অতিক্রম করে ও খ্রীষ্টের শিক্ষায় স্থিতমূল থাকে না, সে ঈশ্বরকে পায়নি ; এ শিক্ষায় যে স্থিতমূল থাকে, সে পিতাকেও পেয়ে গেছে, পুত্রকেও পেয়ে গেছে। ১০ যদি কেউ এ শিক্ষা বহন না করে তোমাদের কাছে আসে, তোমরা তাকে ঘরে গ্রহণ করো না, তাকে স্বাগতও জানিয়ো না। ১১ বস্তুত, তাকে যে স্বাগত জানায়, সে তার সমস্ত দুষ্কর্মের সহভাগী হয়।

১২ তোমাদের কাছে অনেক কথা লেখার ছিল ; কাগজে-কালিতে তা করতে চাচ্ছি না। কিন্তু আশা রাখি, তোমাদের কাছে আসব ও তোমাদের সঙ্গে মুখোমুখি হয়ে সব কথা বলব, যেন আমাদের আনন্দ পূর্ণ হয়।

১৩ তোমার মনোনীতা ভগিনীর সন্তানেরা তোমাকে প্রীতি-শুভেচ্ছা জানাচ্ছে।